তারিখ ... 10 FEB 1990
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৫ ...

22

# গাজীপুরে ক্যাম্পাস ও পাশের এলাকায় পুলিশ মোতায়েন

ইসলামী বিশ্ববিদ্যালয় (গাজীপুর), ৯ই ফেব্রুয়ারী (নিজস্ব সংবাদদাতা)।- ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তর ঘটনাকে কেন্দ্র করে গাজীপুরের ক্যাম্পাসে পুলিশী হামলা ও ছাত্রদের গ্রেফতারের পর এলাকায় চাপা ক্ষোভ বিরাজ করছে। গাজীপুরের ক্যাম্পাস এখন পুলিশের দখলে। গাজীপুরের একজন ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের মালামালের লিস্ট করা

শেষ পৃষ্ঠায় ৬ষ্ঠ কলামে

## গাজীপুরে ক্যাম্পাস

প্রথম পৃষ্ঠার পর

হচ্ছে। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, বোর্ড বাজার, সাইন বোড, ছয়দানা, মালেকের বাড়ী এলাকায় পুলিশ মোতায়েন রয়েছে। পুলিশ গতকাল ঢাকা-ময়মনসিংহ সড়কের সকল স্পীড ব্রেকার তুলে ফেলে। ইসলামী বিশ্ববিদ্যালয় এলাকায় পুরুষ লোকের চলাফেরা এখনও কম। অনেকে ভয়ে পালিয়ে বেড়াচ্ছে। গ্রেফতারকৃত ১২ জন ছাত্র নেতা এখন পর্যন্ত মুক্তি পায়নি।

ডিসি ও এসপি বলেছেন, কোন মুভমেন্ট না হলে শনিবার দশটার মধ্যে ছাত্রদের ছেড়ে দেয়া হবে। এ জন্য গাজীপুরের নেতৃবৃন্দ কোন মিছিল-মিটিং না করে ডিসি'র কথামত অপেক্ষা করছেন। গ্রেফতারকৃতরা এখন গাজীপুর জেল হাজতে আছেন। আগামীকাল ছাত্রদের মুক্তি না হলে আন্দোলনের কর্মসূচী দেয়া হবে বলে নেতৃবৃন্দ জানিয়েছেন। এদিকে ছাত্ররা কুষ্টিয়া যাওয়ার জন্য মানসিকভাবে প্রস্তুতি নিচ্ছেন।